ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৮৫১
আগরতলা,২১ জুলাই,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ (২১-০৭-২০২৫) স্যন্দন পত্রিকায় ‘ঠিকাদার লুটছে জল জীবন মিশনের টাকা’ শিরোনামে প্রকাশিত সংবাদটি পূর্ত দপ্তরের (ডি.ডব্লিউ.এস.) নজরে এসেছে। এ বিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে, জল জীবন মিশনের অনুমোদিত বরাদ্দকৃত অর্থ কেবলমাত্র গ্রামীণ এলাকার প্রতিটি বাড়িতে পানীয়জল সরবরাহের জন্য ব্যবহার করা হয়। এখানে প্রাসঙ্গিক যে, জল জীবন মিশন কর্তৃক অনুমোদিত অর্থ কোনোভাবেই শহরাঞ্চলে অথবা শহরাঞ্চলের কোনও কোয়ার্টার কমপ্লেক্সে জল সরবরাহের উদ্দেশ্যে ব্যবহার করা হয়নি। অতএব, প্রকাশিত সংবাদটি কোনোভাবেই ঠিক নয়।

*****